বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
আইন বিভাগ

পি, এ, বি, এক্স- ৯৫৬০০২১-৫
৯৫৬০০৩১-৫
ফোন ঃ ৯৫৫৩০০১

প্রকা/আইন-১৯৯৪/২০১৯-২০/ ৯১৩০ (১২৫০) তারিখঃ ২৫-০৩-২০২০ খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ প্যানেলভুক্ত আইনজীবী নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০১৯ সংক্রান্ত ঋণ আদায় মহাবিভাগ(আইন)পরিপত্র নং-০৩/২০১৯ ,তারিখ ৩০-১২-২০১৯ সংশোধন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ব্যাংকের প্রচলিত নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধন পূর্বক বিভিন্ন আদালতে ব্যাংকের মামলাসমূহ দায়ের ও পরিচালনাসহ ব্যাংকের মাঠ পর্যায়ে আইনগত মতামত গ্রহণের জন্য দক্ষ ও অভিজ্ঞ আইনজীবীদের প্যানেল প্রস্তুত করার লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক এর পরিচালনা পর্ষদের ২৮-১১-২০১৯ তারিখে অনুষ্ঠিত ৭৪৮ তম সভায় প্যানেলভুক্ত আইনজীবী নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০১৯ অনুমোদনের প্রেক্ষিতে গত ৩০-১২-২০১৯ তারিখে ঋণ আদায় মহাবিভাগ(আইন) পরিপত্র নং-০৩/২০১৯ জারী করা হয় । উক্ত পরিপত্র জারী করার পর গত ২৬-০১-২০২০ তারিখে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ লিটিগেশন-১ অধিশাখার স্মারক নম্বর ৫৩.০০.০০০০.২৩২ .১১.০০১.২০১৮-৩৫ মূলে বাংলাদেশ ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের পক্ষে মামলা পরিচালনার নিমিত্ত প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে কতিপয় নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার আলোকে প্যানেলভুক্ত আইনজীবী নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০১৯ সংক্রান্ত ঋণ আদায় মহাবিভাগ(আইন)পরিপত্র নং-০৩/২০১৯,তারিখ ৩০-১২-২০১৯ সংশোধনের লক্ষ্যে পর্ষদের ১৯/০২/২০২০ তারিখে অনুষ্ঠিতব্য ৭৫৯ তম পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা অনুমোদিত হয়।

০২। পর্ষদের ৭৫৯ তম সভার সিদ্ধান্তের আলোকে ঋণ আদায় মহাবিভাগ (আইন) পরিপত্র নং-০৩/২০১৯, তারিখ ৩০-১২-২০১৯ এর অনুচ্ছেদ নং ৩(৫) এবং অনুচ্ছেদ নং-৩(৮) এর স্থলে নিম্নর প ৩(৫) এবং ৩(৮) অনুচ্ছেদ প্রতিস্থাপিত হবে।

ক) অনুচ্ছেদ ৩(৫) ঃ

প্যানেলভুক্ত আইনজীবীদের তালিকাভুক্তির জন্য কমিটি গঠন এবং নিয়োগপত্র ইস্যুকরন ঃ প্যানেল আইনজীবী নিয়োগ/পুনঃনিয়োগ সংক্রান্ত কার্যাবলি সম্পাদনের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটিতে আইন বিভাগ সংশ্লিষ্ট উপব্যবস্থাপনা পরিচালক সভাপতির দায়িত্ব পালন করবেন। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি এবং অ্যাটর্নি জেনারেল অফিসের একজন ডেপুটি অ্যাটর্নি জেনারেল কমিটিতে অন্তর্ভুক্ত থাকবেন। কমিটি আইনজীবীদের নিয়োগের ব্যাপারে সুপারিশসহ একটি চূড়ান্ত তালিকা প্রস্তুত করবে এবং আইন বিভাগ প্যানেলভুক্তির জন্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করবে। ব্যবস্থাপনা সমন্বয় কমিটির অনুমোদনের পর আইন বিভাগ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকা এবং ঢাকা মহানগরীর আইনজীবীদের তালিকাভুক্তির বিষয়টি তাদেরকে অবহিত করবে। অন্যান্য অঞ্চলের তালিকাভুক্ত আইনজীবীদের তালিকা আইন বিভাগ পত্র মারফত মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণের মাধ্যমে সকল অঞ্চল প্রধান/কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়কে অবহিত করবে। অঞ্চল প্রধান/কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয় সংশ্লিষ্ট আইনজীবী এবং নিয়ন্ত্রণাধীন শাখাসমূহকে (প্রযোজ্য ক্ষেত্রে) প্যানেলভুক্তি করণের বিষয়টি অবহিত করবেন।

**খ) অনুচ্ছেদ -৩(৮)ঃ**

**প্যানেলভূক্তির মেয়াদকাল সংক্রান্ত ঃ** আইনজীবীদের প্যানেলভূক্তি র মেয়াদকাল হবে ০২ (দুই) বছর। তবে নির্দিষ্ট মেয়াদান্তে প্যানেলভূক্তি নবায়ন/ বাতিল না করা পর্যন্ত পূর্বের প্যানেলভূক্তি বহাল থাকবে। নির্ধারিত মেয়াদকালে যুক্তি সংগত কারণে (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বার্থে ব্যাঘাত ঘটলে) কমিটির সুপারিশক্রমে প্যানেলভূক্ত আইনজীবীদের অব্যাহতির ক্ষমতা ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে। উল্লেখ্য, পরবর্তীতে প্যানেলভূক্তি/ নবায়নের ক্ষেত্রে আইনজীবীর পারফরমেন্স (ব্যাংকের পক্ষে/বিপক্ষে মামলা নিস্পত্তির হার,যথাসময়ে আরজি/জবাব দাখিল, হাজিরা নিশ্চিতকরণ, সার্টিফাইড কপি উত্তোলণ ও প্রেরণ, মামলার ফলাফল যথাসময়ে অবহিতকরণ ইত্যাদি) বিবেচনা করা হবে।

০৩। এমতাবস্থায়, প্যানেলভূক্ত আইনজীবী নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০১৯ সংক্রান্ত ঋণ আদায় মহাবিভাগ (আইন)পরিপত্র নং-০৩/২০১৯,তারিখ ৩০-১২-২০১৯ এর সংশ্লিষ্ট ৩(৫) এবং ৩(৮) অনুচ্ছেদ উপরোক্তভাবে প্রতিস্থাপন পূর্বক তা যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৫/০৩/২০২০

(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ

সংযুক্তি ঃ বর্ণনামতে

প্রকা/আইন-১৯৯৪/২০১৯-২০/ তারিখ ঃ ২৫-০৩-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা,ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে সকল সংযুক্তিসহ মূল পত্রটি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/ মহানথি।

25/03/2020

(মোহাঃ গোলাম মাহবুব)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)